

যৌন হয়রানির অভিযোগে ঢাবি শিক্ষক বরখাস্ত

অনলাইন ডেস্ক

২৮ সেপ্টেম্বর ২০২৩, ০৪:৫৮ পিএম



ছাত্রীকে যৌন হয়রানির অভিযোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের (আইবিএ) শিক্ষক ওয়াসেল বিন সাদাতকে সাময়িক বরখাস্ত করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

গতকাল বুধবার বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়। পাশাপাশি অধিকতর তদন্তের জন্য এই অভিযোগটি বিশ্ববিদ্যালয়ের যৌন নিপীড়ন বিরোধী সেলকে তদন্ত করতে দেওয়া হয়েছে। সিন্ডিকেট সভায় উপস্থিত সদস্যরা এ তথ্য নিশ্চিত করেছেন।

সভায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সভাপতিত্বে উপস্থিত ছিলেন উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামালসহ বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্যরা।

সিন্ডিকেটের সভা সূত্র জানা যায়, ওয়াসেল বিন সাদাত ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে গেস্ট শিক্ষক হিসেবে কর্মরত ছিলেন। সেখানে এক ছাত্রীর থিসিস সুপারভাইজার ছিলেন তিনি। গত ১৫ আগস্ট ঢাকা বিশ্ববিদ্যালয় বন্ধ থাকলেও ওয়াসেল সেই ছাত্রীকে থিসিসের কাজের কথা বলে আসতে বলেন। পরে ওই ছাত্রীকে আইবিএ-তে যৌন হয়রানি করেন তিনি। ভুক্তভোগী ছাত্রী প্রমাণসহ ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে অভিযোগ করলে তা ঢাবি উপাচার্য অধ্যাপক আখতারুজ্জামানের কাছেও পাঠানো হয়। উপাচার্য আইবিএ'র পরিচালককে বিষয়টি নিয়ে প্রাথমিক রিপোর্ট দিতে বলেন। পরে সেই রিপোর্টের ভিত্তিতে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট ওয়াসেলকে সাময়িক বরখাস্ত করে।